

bd24live.com

24 Hours with Bangla

ঢাকা, বৃহস্পতিবার, ২৩ মে, ২০১৯ | শেষ আপডেট ১০ মিনিট আগে [প্রিন্ট](#)

প্রোবায়োটিকে ভেজাল, মাছ চাষে হুমকির সম্ভাবনা

২৩ ২৩, ২০১৯ ১৬:২৪:৪৪



মাছের যথাযথ স্বাস্থ্য ব্যবস্থাপনা নিশ্চিতকরণের জন্য ক্ষুদ্র মাছ চাষীরা বিভিন্ন ধরনের অ্যান্টিবায়োটিক ব্যবহার করছেন। কিন্তু অধিক মাত্রায় অ্যান্টিবায়োটিক মানব শরীরের জন্য ক্ষতিকর হওয়ায় এর বিকল্প হিসেবে কৃষকরা এখন উপকারী ব্যাকটেরিয়া বা প্রোবায়োটিকের দিকে ঝুঁকেছেন। কিন্তু এই প্রোবায়োটিকেও মিলেছে ভেজাল যা ব্যবহারে মাছ চাষে হুমকির সম্ভাবনা রয়েছে। পরীক্ষা-নিরীক্ষার মাধ্যমে কৃষক পর্যায়ে সঠিক প্রোবায়োটিক চিহ্নিত করার উপায় এবং সরকারের একটি নীতিমালা তৈরির বিষয়ে গবেষণা করছেন বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকৃবি) ও বিদেশের একদল গবেষক।

শুক্রবার (১৭ মে) সকালে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের ইন্টারন্যাশনাল গেস্ট হাউজে সাংবাদিকদের সাথে এক মত বিনিময় সভায় ওই কথা জানান গবেষকরা।

গবেষক দলের সদস্যরা হলেন যুক্তরাজ্যের স্টারলিং বিশ্ববিদ্যালয়ের গবেষক ড. ফ্রান্সিস মুরে, ড. এন্ডিও ডেসবস, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের অ্যাকোয়াকালচার বিভাগের অধ্যাপক ড. মুহাম্মদ মাহফুজুল হক, যুক্তরাজ্য ভিত্তিক উন্নয়ন সংস্থা প্রাক্টিক্যাল একশন এর গবেষক ড. ফারুক উল ইসলাম এবং ওয়ার্ল্ড ফিশের প্রতিনিধি মুহাম্মদ মিজানুর রহমান। যুক্তরাজ্যের বায়োটেকনোলজি এন্ড বায়োলজিক্যাল সায়েন্স রিসার্চ কাউন্সিলের অর্থায়নে এ প্রজেক্টে কাজ করছেন এ গবেষক দল। এছাড়াও প্রকল্পটির অধীনে ভেজাল প্রোবায়োটিক নিরীক্ষণের প্রযুক্তি জানতে দেশের ফিশারিজ সেক্টরের পাঁচ জন এক্সপার্টকে ট্রেনিং দেবে যুক্তরাজ্যের স্টারলিং বিশ্ববিদ্যালয়।

যুক্তরাজ্যের স্টারলিং বিশ্ববিদ্যালয়ের গবেষক ড. ফ্রান্সিস মুরে বলেন, প্রোবায়োটিক অ্যান্টিবায়োটিকের মত ক্ষতিকর না। তবে গবেষণায় দেশের বাজারে প্রাপ্ত প্রোবায়োটিকে ক্ষতিকর ব্যাকটেরিয়া এবং রোগ সৃষ্টিকারী জীবাণু পাওয়া গেছে। আর বাংলাদেশে এই ভেজাল প্রোবায়োটিককে চিহ্নিত করার মতো কৃষক পর্যায়ে কোন ব্যবস্থা না থাকায় অনেক ক্ষেত্রেই ক্ষতির সম্মুখীন হচ্ছে কৃষক। তাই কৃষক পর্যায়ে সঠিক প্রোবায়োটিক চিহ্নিত করার উপায় এবং সরকারের একটি নীতিমালা তৈরির বিষয়ে গবেষণা করছি আমরা।

বিডি২৪লাইভ/এজে

বিডি টুয়েন্টিফোর লাইভ ডট কম'র প্রকাশিত/প্রচারিত কোনো সংবাদ, তথ্য, ছবি, আলোকচিত্র, রেখাচিত্র, ভিডিওচিত্র, অডিও কনটেন্ট কপিরাইট আইনে পূর্বানুমতি ছাড়া ব্যবহার করা যাবে না।

bd24live.com
24 Hours with Bangla

© 2016 BD24Live.com - Developed by **Primex Systems**

এডিটর ইন চিফ: আমিরুল ইসলাম আসাদ

বিডি২৪লাইভ মিডিয়া (প্রাঃ) লিঃ, বাড়ি # ৩৫/১০, রোড # ১১, শেখেরটেক,

মোহাম্মদপুর, ঢাকা - ১২০৭,

ই-মেইলঃ info@bd24live.com,

ফোন: ০২-৫৮১৫৭৭৪৪

বার্তা প্রধান: ০৯৬১১৬৭৭১৯০

নিউজ রুম: ০৯৬১১৬৭৭১৯১

মফস্বল ডেস্ক: ০১৫৫২৫৯২৫০২

ই: office.bd24live@gmail.com